

الْحَلِيمِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩৩ তম নাম ‘الْحَلِيمِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْحَلِيمِ’ শব্দের মূল ح - ل - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২১ বার এসেছে। স্বপ্ন, বয়সন্ধি, চিন্তা, অতিশয় ধৈর্যশীল অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَلِيم অর্থ: ‘তিনি অতিশয় ধৈর্যশীল’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

إِنْ تُقْرِضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يُضَاعِفْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللَّهُ شَكُورٌ حَلِيمٌ ﴿١٧﴾

তোমরা যদি আল্লাহকে কর্জে হাসানা (উত্তম ঋণ) দাও, তিনি তো তোমাদের জন্য বহুগুণে বৃদ্ধি করে ফেরত দিবেন। তোমাদের ক্ষমা করে দেবেন। অবশ্যই আল্লাহ গুনগ্রাহী, ধৈর্যশীল। (সূরা আত্ তাগাবুন: আয়াত নং ১৭)

إِنَّ اللَّهَ يُمَسِكُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ أَنْ تَزُولَا وَلَئِن زَالَتَا إِنْ أَمْسَكْتَهُمَا مِنْ أَحَدٍ مِّن بَعْدِهِ إِنَّهُ كَانَ حَلِيمًا غَفُورًا ﴿٤١﴾

আল্লাহই মহাকাশ ও পৃথিবীকে সংরক্ষণ করে রাখেন যাতে সেগুলোর পতন না হয়। সেগুলোর যদি পতন হয়ই তবে তিনি ছাড়া আর কে আছে, যে সেগুলোর পতন রোধ করবে? তিনি অতীব সহনশীল, ক্ষমাপরায়ণ। (সূরা ফাতির: আয়াত নং ৪১)

تُسَبِّحُ لَهُ السَّمَاوَاتُ السَّبْعُ وَالْأَرْضُ وَمَنْ فِيهِنَّ وَإِن مِّن شَيْءٍ إِلَّا يُسَبِّحُ بِحَمْدِهِ وَلَكِن لَّا تَفْقَهُونَ تَسْبِيحَهُمْ إِنَّهُ كَانَ حَلِيمًا غَفُورًا ﴿٤٤﴾

সপ্তাকাশ, এই পৃথিবী এবং এগুলোর মধ্যে যারাই আছে, সবাই তাঁরই তাসবিহ করছে। এমন কোন বস্তু নেই যা তাঁর প্রশংসাসহ তাঁর তাসবিহ করছে না। তবে তোমরা তাদের তাসবিহ অনুধাবন করতে পারো না। নিশ্চয়ই তিনি অতীব সহনশীল, ক্ষমাপরায়ণ। (সূরা বনি ইসরাইল: আয়াত নং ৪৪)

বুখারী ও মুসলিম শরীফের হাদিস-

হযরত ওমর ইবনে খাত্তাব (রা:) বর্ণনা করেন- একবার রাসূল সাঃ এর নিকট কিছু সংখ্যক যুদ্ধবন্দী নিয়ে আসা হলো। যুদ্ধবন্দীদের মধ্যে একজন মহিলা ছিল, যে তার বাচ্চা খুঁজছিল। যখন সে বাচ্চাটিকে খুঁজে পেলো, তখন সে নিজের বাচ্চাকে বুকের মধ্যে জড়িয়ে ধরে বুকের দুধ পান করতে লাগলো। রাসূল সাঃ বললেন: তোমরা কি মনে করো মহিলাটি তার বাচ্চাকে আগুনে নিক্ষেপ করতে পারে? আমরা বললাম: কখনও নয়! পারতপক্ষে কখনো সে তার বাচ্চাকে আগুনে নিক্ষেপ করবে না। রাসূল সাঃ বললেন: এই মহিলাটি তার বাচ্চার জন্য যতটা দয়ালু, তার চাইতে অনেক বেশি দয়ালু আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের জন্য।

অতীব দয়ালু, অতিশয় সহনশীল আল্লাহর অবাধ্য হওয়া অবশ্যই পাপ কাজ। তাঁর সাথে কাউকে শরিক করা বড় জুলুম এবং গুনাহের কাজ। আল্লাহ শিরকের গুনাহ ক্ষমা করবেন না।

আল্লাহ আমাদেরকে শিরক মুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহ।